Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২৲ দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

**বহরমপুর এক্সরে ক্লিনিক**

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সম্ভব কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৪৭শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২রা কার্ত্তিক বুধবার ১৩৬৭ ইংরাজী 19th Oct. 1960 { ২২শ সংখ্যা




মনোমত

সুন্দর, সস্তা আর মজবুত

জিনিষ যদি চান তা হ'লে

আরতির

"রাণী রাসমণি"

শাড়ী ও ধুতি কিনুন।

কাপড়কে সব দিক থেকে আপনাদের পছন্দমত করার সকল যত্ন সত্ত্বেও যদি কোন ত্রুটি থাকে, তাহ'লে দয়া ক'রে জানাবেন, বাধিত হ'ব এবং ত্রুটি সংশোধন করবো।

আরতি কটন মিলস্ লিঃ

দাশনগর, হাওড়া।

হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিতপ্রেসে পাইবেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

২রা কার্ত্তিক বুধবার সন ১৩৬৭ সাল।

# ইহকালে পরকালের ভাবনা।

যা দিন কাল এসেছে তাতে ইহকালে গ্রাসাচ্ছাদন চালানই কঠিন, তার উপর পরকালের এজেন্টগণ তাগাদা আরম্ভ করেছেন। এখন যিনি আমাদের গুরুবংশে আবিভূ'ত হয়েছেন, তাঁর পিতৃদেবের খুব সুনাম ছিল। বাবা তাঁর কাছে দীক্ষা নিয়েছিলেন। মা মন্তর নিয়েছিলেন বাবার গুরু-মার কাছে। কোন জঞ্জাল ছিল না। মেয়েমানুষ মেয়েমানুষকে নির্জন ঘরে নিয়ে গিয়ে কানে মন্তর দিবেন কোন আশঙ্কার কারণ নাই।

আমি বাবার গুরুদেবের পুত্রকে খুব ভাল চক্ষে দেখি না। রোজই তিনি মাকে তাগাদা করছেন—তোমার ছেলে ও তার বউকে দীক্ষা দিয়ে নাও। বউ-মা দীক্ষা না নিলে তার হাতে তোমার খাওয়া চলে না। দীক্ষা না নিলে হাতের জল শুদ্ধ হয় না। তুমি বেটার বউ-এর রান্না খাবে কি ক'রে? মা গুরুপুত্রের কথায় সায় দিয়ে পঞ্জিকা দেখে দিন করতে বল্লেন। মহা মুস্কিল। কি করি! গেলাম গাঁয়ের এক বৃদ্ধ ব্রাহ্মণের কাছে—গিয়ে বল্লাম বাবা নাই, মাকে দেবতা বলে জানি তাঁর কথার অবাধ্য হ'তে পারবো না। বৃদ্ধ দাদু, আমার কথা শুনে বল্লেন—বাবা বেঁচে থাকলেও মায়ের মত গুরু স্বর্গ-মর্ত্ত্য-পাতালে নাই এই না বলে একটা শ্লোক লিখে দিলেন—তোর মাতৃভক্তি দেখে খুব আনন্দ হলো—

শ্লোকটা

পিতুরপ্যধিকা মাতা
গর্ভধারণ পোষণাৎ
অতো হি ত্রিষু লোকেষু
নাস্তি মাতৃ সমো গুরু।

অর্থ—গর্ভধারণ ও পোষণের জন্য মা বাবার চেয়ে অধিকা। তিন লোকে মায়ের মত গুরু নাই। মা ও বাবা এক স্থানে থাকিলে পুত্র অগ্রে মাকে প্রণাম করে পরে বাবাকে প্রণাম করিবে এই ব্যবস্থা। প্রমাণ—

মাতরং পিতরঞ্চৈব
দৃষ্টা পুত্রস্ত ধর্ম্মবিৎ
প্রণম্য মাতরং পশ্চাৎ
প্রণমেৎ পিতরং গুরু।

বৃদ্ধ দাদু বল্লেন তোর মাতৃভক্তি দেখে খুব আনন্দ পেলাম। চল্ আমার আজ থিয়েটার দেখার নিমন্ত্রণ আছে। আমার সঙ্গে থিয়েটারের অভিনয় দেখে ধর্ম্মের দালাল সব দেখবি। থিয়েটারে শেষ অঙ্কে দেখলাম (১) নামাবলী গায়ে মাথায় টিকি গলায় পৈতা ব্রাহ্মণ পণ্ডিত। (২) গায়ে হরিনামের ছাপ, মাথায় টিকি, গলায় মোটা মালা, কপালে তিলকধারী বৈষ্ণব বাবাজী। (৩) একজন পাদ্রী সাহেব। (৪) একজন মৌলভী সাহেব। সব সারি সারি দাঁড়িয়ে হাসি মুখে গান ধরেছেন—

গান

"দুনিয়াটা কেবল ফক্কিকার
এতো অতি সহজ কথা
কি আছে ছাই বোঝাবার!
পুত্র তোমার বাঁধন সূত্র,
দারা তোমার কারা!
মধ্যে থেকে খাচ্ছে খাবি
জীবাত্মা বেচারা!
(তোমার) কণ্ঠাগত পরমাত্মা
নিরালম্ব নির্বিকার!
তাই ঘুচাতে সকল লেঠা
করতে ভব পার—
এসেছি গুটি গুটি
আমরা ক'টি ভব পারের কর্ণধার!
দুনিয়াটা কেবল ফক্কিকার!"

বৃদ্ধ ঠাকুর দাদার কৃপায় যে অভিনয় দেখে এলাম সে নাটক একজন বিদ্যাবিনোদ ব্রাহ্মণের রচনা।

একা আমরা হতভাগা হিন্দুরা নই সব ধর্ম্মেই ধর্ম্মের দালাল ও এজেন্টের অভাব নাই।

## ছাত্রদের গুরুভক্তি

বীরভূম জেলার লাভপুর উচ্চতর বহুমুখী বিদ্যালয়ের প্রবীণ প্রধান শিক্ষক শ্রীপুলিনবিহারী চট্টোপাধ্যায় মহাশয় আগামী ৩০শে অক্টোবর কর্ম্ম হইতে অবসর গ্রহণ করিবেন। তাঁহার স্বগ্রাম গাংমুড়ি লাভপুর হইতে ৪০ মাইল দূরে অবস্থিত। তাঁহার অগণিত গুণমুগ্ধ ছাত্রগণ তাঁহার বসবাসের নিমিত্ত লাভপুরে একখানি দ্বিতল পাকা বাড়ী নির্ম্মাণ করিয়া তাঁহাকে দান করিবার মনস্থ করিয়াছেন। বাড়ীর নির্ম্মাণ কার্য্য শেষ হইয়াছে। ছাত্রগণের এই মহৎ কর্ম্ম বিশেষ প্রশংসনীয় এবং অনুকরণীয়।

## ত্রিশ হাজার টাকার থার্ম্মোমিটার

কলিকাতার কাশী মিত্র ঘাট ষ্ট্রীটের শ্রীমতিলাল দাসের গৃহ হইতে পুলিশ ৩০ হাজার টাকা মূল্যের ৫,৩১৬টি ক্লিনিক্যাল থার্ম্মোমিটার উদ্ধার করিয়াছে। একটি গহনার দোকান হইতে ৫০ হাজার টাকার গহনা চুরি সম্পর্কে গোয়েন্দা পুলিশ ঐ গৃহ তল্লাসী করিতে গিয়া ঐ থার্ম্মোমিটার উদ্ধার করিয়াছে। এই সমস্ত থার্ম্মোমিটার হয় ডক হইতে চুরি করা নয়তো পাকিস্তান হইতে চোরাই আমদানী করা হইয়াছে বলিয়া পুলিশ সন্দেহ করিতেছে।

## রবিশস্যের বীজ

প্রতি বৎসর সরকারী কৃষি বিভাগ হইতে চাষীদিগকে যব, গম, ছোলা, মসুর, খেসারী প্রভৃতি বীজ বিতরণ করা হয়। প্রতিবার দেখা যায় বপনের সময় উত্তীর্ণ হইলে বীজ বিতরণ আরম্ভ হয়। এবার যাহাতে যথাসময়ে উহা বিতরণ হয় তজ্জন্য জঙ্গিপুর মহকুমা কৃষি আধিকারিক মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

## জাপানী মহিলা অভিযাত্রীদলের হিমালয় অভিযান

গত ৭ই অক্টোবর জাপানী মহিলা অভিযাত্রীদল পাঞ্জাব হিমালয়ের দিওটিব্বার সর্ব্বোচ্চ শিখরে আরোহণ করিতে সমর্থ হইয়াছে বলিয়া সংবাদপত্রে এক সংবাদ প্রকাশিত হইয়াছে।

# দীপান্বিতা—কালীপূজা

কার্ত্তিকমাসীয় অমাবস্যা, এই দিনে দিবাভাগে পিতৃলোকের তর্পণ ও শ্রাদ্ধ এবং রাত্রিকালে দেবগৃহাদি দীপমালায় সুশোভিত করিতে হয়। ইহার অপর নাম দীপালী, দেওয়ালী।

## *নিশাকালে কালীপূজা*

কালী—আদ্যাশক্তি ভগবতীর রূপবিশেষ শুম্ভ নিশুম্ভের সহিত যুদ্ধে চণ্ডবধকালে অম্বিকার ললাট হইতে ইনি উৎপন্ন হন, এবং রক্তবীজের সমুদয় রক্ত পান করিয়া তাহার বিনাশসাধন করেন। অতঃপর দক্ষযজ্ঞে গমনকালে সতী এই রূপ ধারণ করেন। এই মূর্ত্তি দশমহাবিদ্যার অন্তর্গত, দেবীভক্ত হিন্দুগণ এই রূপের পূজা করিয়া থাকেন। এই মূর্ত্তি দিগম্বরী, আকর্ণ-নয়না, পূর্ণ যৌবনা, মুক্তকেশী, লোলজিহ্বা, মুণ্ডমালাবিভূষিতা, চতুর্ভুজা ও শ্যামবর্ণা।



আমরা রায় গুণাকর কবি ভারতচন্দ্র রচিত দেবীর স্তোত্র উদ্ধৃত করিলাম। হ্রস্বদীর্ঘ উচ্চারণে এই কবিতাটি পাঠ করিলে শ্রুতি মধুর হইবে।

(জয়) দেবি জগন্ময়ি দীন-দয়াময়ি
শৈলসুতে করুণা নিকরে!
(জয়) চণ্ড-বিনাশিনি, মুণ্ড-নিপাতিনি
দুর্গা-বিঘাতিনি মুখ্য-তরে!
(জয়) কালি কপালিনি মস্তক মালিনি!
খর্পর ধারিণি শূল ধরে!
(জয়) চণ্ডি দিগম্বরি ঈশ্বরি শঙ্করি!
কৌশিকি ভারত-ভীতি হরে!

—

## বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা জানানো হইতেছে যে আমি জঙ্গিপুর তন্তুবায় সমবায় সমিতি লিঃ এর ১।৭।৫৯ তাং হইতে ৩০।৬।৬০ তাং পর্য্যন্ত "বার্ষিক হিসাব" পরীক্ষা (Statutory audit) করিতেছি। সকল অংশীদার, পাওনাদার ও দেনদারগণকে অনুরোধ করা হইতেছে, তাঁহারা যেন ৩০।৬।৬০ তারিখ পর্য্যন্ত সমিতির নিকট নিজ নিজ দেনা-পাওনার এবং অংশের হিসাব মিলাইয়া দেখেন এবং কোনরূপ অসঙ্গতি লক্ষ্য করিলে তাঁহারা নিম্নস্বাক্ষরকারীর সহিত ব্যক্তিগত ভাবে আগামী ২২।১০।৬০ তারিখের মধ্যে সমিতির অফিসে উপস্থিত হইয়া ঐরূপ অসঙ্গতির কথা জানাইবেন। অন্যথায় সমিতির প্রদর্শিত হিসাবই নির্ভুল বলিয়া গণ্য হইবে।

পৃথকভাবে হিসাবের নির্ভুলতা নির্দ্ধারক পত্র (Verification slip) দেওয়া হইবে না। ১৭।১০।৬০

শ্রীপ্রলয়কুমার সিংহ
অডিটর, কো-অপারেটিভ সোসাইটিজ, জঙ্গিপুর।

—

রান্নায় আনন্দ

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।




খাস জনতা
কেরোসিন কুকার

রন্ধনে স্বাচ্ছন্দ্য ও নিপুণতা আনবে।

প্রস্তুতকারকঃ
দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ,
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

## দি আর্ট ইউনিয়ন প্রিন্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম: "আর্ট ইউনিয়ন"  টেলিফোন: বড়বাজার [illegible]

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের

যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং

বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি

ও

ইউনিয়ন বোর্ড, ব্যাঙ্ক, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,

কো-অপারেটিভ রুর‍্যাল সোসাইটী, ব্যাঙ্কের

যাবতীয় ফরম ও রেজিষ্টার [illegible]

সর্ব্বদা সুলভ মূল্যে [illegible]

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে [illegible] ডেলিভারী হয়







বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই যাঁরা আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

# আমলা কেশ তৈল



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ

জবাকুসুম হাউস, কলিকাতা-১২



আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১৷৹ টাকা ও মাশুলাদি ১৵৹ এক টাকা তিন আনা।

সোল এজেণ্ট :—ডাঃ ভি, ডি, হাজরা

ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪



## শ্রীঅরুণ

কমার্শিয়াল আর্টিষ্ট ও ফটোগ্রাফার

পোঃ রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

ফটো তোলা, ফটো ওয়াশ, প্রিণ্ট ও এন্‌লার্জ করা, সিনেমা স্লাইড তৈরী প্রভৃতি যাবতীয় কাজ এবং নানাপ্রকার ছবি ও সূচীকার্য্য সুন্দররূপে বাঁধান হয়।


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।